

অধিব 13 APR 1987
পঠা... ৫ মাইল



উপজেলা প্রাবিক্রমা

পাথরঘাটা

পাথরঘাটা, ১২ এপ্রিল (সংবাদদাতা)।—
বঙ্গোপসাগরের তীরবর্তী বরগুনা জেলার
অঙ্গরাজ্য পাথরঘাটা একটি উপজেলা।
পাথরঘাটার উভয়ে বামনা উপজেলা,
দক্ষিণে বঙ্গোপসাগর, পূর্বে বিশ্বখালী নদী,
পশ্চিমে বলেষ্ঠের নদী। ১২০ বর্গমাইল এ
উপজেলায় ৭টি ইউনিয়ন, ৬৫টি গ্রাম
এবং লোকসংখ্যা মোট ১ লাখ ১৭
হাজার ৭শ' ২ জন।

যোগাযোগ

রাজধানী ঢাকার সঙ্গে সরাসরি কোন
যোগাযোগ নেই। ঢাকা-বরগুনা সরাসরি
লঞ্চ যোগাযোগ ধারকলেও তা পাথরঘাটা
পর্যন্ত আজও সম্প্রসারিত হয়নি।
আলকাটি-পাথরঘাটা বহাসড়ক নির্মাণের
দাবী এলাকাবাসীর বহুদিনের। কিন্তু
আজও এর কোন অগ্রগতি হয়নি।
প্রতিকূল আবহাওয়ায় বিষয়ালীর
উভালত্তরঙ্গে মৌ-পথে যাতায়াত করাতে
প্রয়োজন। দক্ষিণাঞ্চলের এ নাড়ুক
যোগাযোগ সমস্যা দীর্ঘদিনের। এমনকি
নদীবন্দর এ পাথরঘাটা উপজেলায় কোন
চার্টারিজ নেই।

শিক্ষা

লক্ষ্মীক জনসংখ্যার পাথরঘাটা
উপজেলায় রয়েছে মাত্র ১টি কলেজ,
১৩টি মাধ্যমিক বিদ্যালয়, ৩টি আগ্রহোড
হাইস্কুল, ৫৯টি সরকারী প্রাথমিক
বিদ্যালয়, ১২টি দাখেলী ও ৩০টি
এবতেদায়ী মাদ্রাসা। শিক্ষিতের হার
২০%।

কৃষি

কৃষি উভয়নের জন্য কঢ়কদের স্বচ্ছ ও
দীর্ঘমেয়াদী যে সমস্ত কৃষি ধর্ণ দেয়া হয়।
তা প্রকৃত চাষীরা মোট অংকের

পাসেন্টিস ছাড়া পাছেন না। ভৌগোলিক
অবস্থানের এ নীচু দফতর অগ্রগতিসমূহে
সর্বাধুনিক বৈজ্ঞানিক জলসোচ কর্মসূচী ও
স্ট্রাইচগেটের ব্যবস্থা করা একান্ত দরকার।
উপজেলায় মোট প্রিশস্যের জমির
পরিমাণ ১,৮২,৩৮৭ একর, বনাঞ্চল
৩,৮৪৮ একর, ব্যাংক ৪টি এবং
খাদ্যশিল্প ১৮টি।

সামুদ্র্য

উপজেলা সদরে শুধুমাত্র একটি সরকারী
হাসপাতাল আছে। সেখানে চিকিৎসার
কোন আধুনিক সরঞ্জামাদি নেই। যে
পরিমাণ ও মুখ সরকারীভাবে হাসপাতালে
সরবরাহ করা হয়, সেগুলোর উপরও
ডাক্তার সাহেবদের সেন্দুষ্টি পড়ায়
যোগীরা বর্ধিত হচ্ছেন বিনামূলে ও মুখ
আপ্তি থেকে।

বঙ্গোপসাগরের তীরবর্তী ইওয়ায় এ
অঞ্চলের পানি ঘোলা ও লবণাক্ত।
প্রয়োজনীয় নলকূপের বা বিশুদ্ধ পানির
সরবরাহ না থাকায় এ দৃষ্টিত পানি পান
করায় পেটেরপীড়া, ডায়ারিয়া প্রভৃতি
রোগ অন্বরত লেগেই আছে।

বিদ্যুৎ

বর্তমানে এ উপজেলায় বিদ্যুৎ লাইন
সংযোগের কাজ চলছে। আশা করা যায়,
অবিলম্বে উপজেলা সদর বিদ্যুতায়িত
হবে। কিন্তু পল্লী বিদ্যুতায়নের কোন
পরিকল্পনা এখনো নেওয়া হয়নি।

অন্যান্য

অসমিদ ৩০০টি, পোল অফিস ১০টি,
টেলিফোন একচেত্রে ১টি, কমিউনিটি
সেন্টার ৭টি, বাজার সংস্থা ১৭টি, পুরুষ
সংস্থা ৬০১২টি, সড়ক পাকা ৭ মাইল ও
পাথে ৬০ মাইল।